


## গভীর শ্রদ্ধা ও ভালোবাসায় বিকেএসপিতে পালিত হলো মুজিব জন্মশতবার্ষিকী

আজ ১৭ মার্চ, সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। বাঙালি জাতির জীবনের এক মাহেন্দ্রক্ষণ। ১৯২০ সালের এই দিনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মগ্রহণ করেছিলেন। বিংশ শতাব্দির উত্তাল সময়ে শত প্রতিকূলতার মধ্যেও তিনি তাঁর সংগ্রামী জীবন অতিবাহিত করেছেন এক অভিষ্ট লক্ষ্যকে সামনে রেখে, আর তা ছিলো বাঙালির স্বাধীনতা। বঙ্গবন্ধুর নেতৃত্বে আজ আমরা স্বাধীন। পেয়েছি পতাকা, রাষ্ট্র ও সার্বভৌমত্ব।

বিকেএসপিতে প্রতিবারের তুলনায় এবার মুজিব জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২০ বেশ উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়। বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনায় মুজিব জন্মশতবর্ষের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিকেএসপিতে সকালে বিকেএসপি'র অডিও ভিজ্যুয়াল সেন্টারে সকল শিক্ষক, প্রশিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষার্থীদের উপস্থিতিতে বঙ্গবন্ধুকে নিয়ে কবিতা আবৃত্তি, আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়, ছিল বঙ্গবন্ধুর উপর রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা। অনুষ্ঠানে পাঠ করা হয় মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা পত্র। ছাত্র ও শিক্ষকদের অংশগ্রহণে আবৃত্তি ও আলোচনায় উঠে আসে বঙ্গবন্ধুর শৈশব, কৈশোর, রাজনৈতিক জীবন ও ক্রীড়াপ্রেমী মুজিবের আদ্যপাদ্য। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব ও বিকেএসপি'র পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব হাওলাদার মো. রকিবুল বারী। এ সময় আরও উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ) কর্নেল মো. মাজহারুল হক ও ক্রীড়া কলেজের অধ্যক্ষ লে. কর্নেল মো. হাসানুজ্জামান চৌধুরী। বক্তারা তাদের বক্তব্যে আগামী প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শকে হৃদয়ে ধারণ করে দেশ গড়ার কাজে নিবেদিত হবার আহবান জানান। মুজিব শতবর্ষকে সামনে রেখে বিকেএসপিকে বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও আলোকসজ্জিত করা হয়। বিকেএসপি'র আঞ্চলিক শাখা গুলোতেও মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে একই কর্মসূচি পালিত হয়।



জাতির জনক  
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর  
জন্মশতবার্ষিকীতে আমাদের  
**শ্রদ্ধাজলি**  
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)

